দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 FEB 1989
পৃষ্ঠা ৫ কলাম ৭

৩১

৩৯

## স্কুল কলেজে সরকারী অনুদান চাই

১৯৮৭-৮৮ সালের নতুন অনুমোদনপ্রাপ্ত স্কুল, কলেজ ও মাদ্রাসাসমূহ সরকারী অনুদান অদ্যাবধি না পাওয়ায় এইসব শিক্ষা প্রতিষ্ঠানের কর্মরত শিক্ষক-কর্মচারিগণ এই দুর্মূল্যের বাজারে তাঁদের পরিবার-পরিজন নিয়ে অতি কষ্টে জীবন যাপন করছেন। তাছাড়া বর্তমানে নতুন মঞ্জুরীও বন্ধ রয়েছে। এটা মানুষ গড়ার

### জনমত

কারিগরি। এই শিক্ষক সমাজ এবং জাতির জন্য মোটেই মঙ্গলজনক হতে পারে না। তাই অনুমোদনপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের বকেয়া বেতনসহ অনুদান অবিলম্বে প্রদান এবং নতুন মঞ্জুরীর ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রত্যাহার করে ভুক্তভোগী শিক্ষক-কর্মচারীদের অবর্ণনীয় দুঃখ-দুর্দশা লাঘব ও দু হাজার সালের মধ্যে সবার জন্যে শিক্ষা—সরকারের শ্লোগানটিকে সার্থক করে তোলার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের প্রতি আকুল আবেদন জানাচ্ছি।

মোঃ আবদুস সামাদ মিয়া,
প্রধান শিক্ষক/সম্পাদক,
সুন্দরগঞ্জ আঃ মজিদ মন্ডল
নিম্ন মাধ্যমিক বিদ্যালয়,
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।